গাংনীতে ফিলিং স্টেশনে তেল নিতে এসে ট্রাকচাপায় কৃষক নিহত

মেহেরপুরের গাংনীতে ফিলিং স্টেশনে তেল নিতে গিয়ে ট্রাকচাপায় নিহত হয়েছেন আরঙ্গজেব (৬৫) নামের এক কৃষক।

রোববার (২০ এপ্রিল) সকাল সাড়ে ৯টার দিকে গাংনী উপজেলার বামন্দী কিবরিয়া ফিলিং স্টেশনের সামনে এ দুর্ঘটনা ঘটে।

আহত আরঙ্গজেব গাংনী উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নের করমদি মাদ্রাসাপাড়ার নাছিম উদ্দিনের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, ফিলিং স্টেশন থেকে তেল নিয়ে একটি কন্টেইনার হাতে সড়কের পাশে দাঁড়িয়ে ছিলেন আরঙ্গজেব। এ সময় দ্রুতগতির একটি বেপরোয়া ট্রাক এসে তাকে ধাক্কা দিলে তিনি সড়কের পাশে ছিটকে পড়ে গুরুতর আহত হন।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রথমে বামন্দীর একটি বেসরকারি ক্লিনিক (আল-শেফা) নিয়ে যান। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। সেখানে শারীরিক অবস্থার আরো অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য ঢাকা যাওয়ার পথে বিকেলে পথিমধ্যে মৃত্যু হয়।

বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপ-পরিদর্শক (এসআই) শ্যামা পদ বলেন, “দুর্ঘটনার খবর পেয়ে আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি।

একটি দ্রুতগতির ট্রাকের ধাক্কায় আরঙ্গজেব আহত হন। ঘটনাস্থলে থাকা পুলিশ সদস্যরা ট্রাক ও চালককে তাৎক্ষণিকভাবে হেফাজতে নিয়েছে।”

তিনি আরও জানান, এ বিষয়ে এখনো আহতের পরিবারের পক্ষ থেকে কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

তেলের মূল্য বৃদ্ধিতে চুয়াডাঙ্গায় ফিলিং স্টেশন গুলোতে উপচে পড়া ভিড়

তেলের মূল্য বৃদ্ধিতে চুয়াডাঙ্গা ফিলিং স্টেশন গুলোতে উপচে পড়া ভিড় লক্ষ করা গেছে।
জ্বালানি তেলের দাম বাড়িয়েছে সরকার। বিশ্ববাজারের সঙ্গে সমন্বয় করে দেশের বাজারে জ্বালানি তেলের দাম বাড়ানো হয়েছে। (শুক্রবার) রাত ১২টা থেকে এটি কার্যকর হওয়ার কথা শুনে চুয়াডাঙ্গা তেল পাম্প গুলোতে ক্রেতাদের ভিড় বেড়েছে।
চুয়াডাঙ্গায় বিভিন্ন তেলপাম্প ঘুরে দেখা যায় ক্রেতারা আগের মূল্যে তেল ক্রয়ের জন্য বিভিন্ন পাম্পে অবস্থান করেছে।
এসময় ক্রেতারা জানায় সরকার ঘোষিত তেলের মূল্যবৃদ্ধি বারোটার পর থেকে কার্যকর হওয়ার কথা শুনে তারা বর্তমান মূল্য ক্রয়ের জন্য পাম্পে অবস্থান করেছে।এসময় ক্রেতারা তাদের নিজ যানবাহনের পাশাপাশি বোতল বালতি সরঞ্জাম এনে তেল ক্রয় করতে দেখা গেছে। পড়ুন ৬ আগষ্ট থেকে ডিজেল ও কেরোসিন ১১৪টাকা, অকটেন ১৩৫, পেট্রল ১৩০ টাকা লিটার
চুয়াডাঙ্গায় একাধিক তেলপাম ঘুরে লক্ষ করা যায় কিছু তেলপাম্প ব্যবসায়ীরা ইতিমধ্যে তেলের মূল্যবৃদ্ধির কথা শুনে তেলের পাম্প বন্ধ করে রেখেছে এবং সেইসাথে তেল না থাকার কথা জানিয়েছে।
নতুন দাম অনুযায়ী- প্রতি লিটার ডিজেল ৮০ টাকা থেকে ৩৪ টাকা বেড়ে ১১৪ টাকা, কেরোসিন ৩৪ টাকা বেড়ে ১১৪ টাকা, অকটেন ৪৬ টাকা বেড়ে ১৩৫ টাকা এবং পেট্রল ৪৪ টাকা বাড়িয়ে ১৩০ টাকা করা হয়েছে।